**পশ্চিমবঙ্গ সরকার**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন অধিকার**
**১১এ, কিরণশংকর রায় রোড,**
**পঞ্চায়েত ভবন ঃ কলকাতা-৭০০ ০০১**

নং ঃ ৪০৩২/তিন/ডিপি/৩এফ-১৪/০৯ তারিখ ঃ ০২.১২.২০১০

## আ দে শ না মা

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর কর্তৃক নং ৭৮৩৯/পিএন/পি/দুই/৩এফ-৫/০৮-ক্রমে ২৩.১১.২০১০ তারিখে জারি করা আম আদমি বিমা যোজনা সম্পর্কিত বর্তমান নির্দেশাবলীর আংশিক পরিবর্তন সাপেক্ষে সংশ্লিষ্ট সকলকে আম আদমি বিমা যোজনার অধীনে ভূমিহীন কৃষিশ্রমিকদের (বর্তমান প্রফলাল উপভোক্তা ব্যতিরেকে) অর্ন্তভুক্তির জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করতে অনুরোধ করা হচ্ছে ।

**আম আদমি বিমা যোজনার অধীনে ভূমিহীন কৃষিশ্রমিকদের তালিকাভুক্তকরণ ঃ**

**ক) গ্রাম পঞ্চায়েত স্তরে গ্রহণীয় পদক্ষেপসমূহ**

১। কোনও ভূমিহীন কৃষিশ্রমিক (বর্তমান প্রফলাল উপভোক্তা ব্যতিরেকে) ১৮ থেকে ৫৯ বয়ঃক্রমভুক্ত হলে এবং তাঁর বাস্তুজমি ও উত্তরাধিকারসূত্রে প্রাপ্তব্য জমির পরিমাণ ৫০ ডেসিমেল-এর কম হলে, তিনি আম আদমি বিমা যোজনার অধীনে তালিকাভুক্ত হওয়ার যোগ্য বিবেচিত হবেন । আম আদমি বিমা যোজনার সুবিধা পাবেন উপযুক্ত ভূমিহীন কৃষিশ্রমিক পরিবারের প্রধান ব্যক্তি অথবা পরিবারের কোনও একজন উপার্জনক্ষম সদস্য । নূতনভাবে সনাক্তকৃত এই উপভোক্তারা, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের নং৪০৬৬/পিএন/পি/দুই/৩এফ-৫/০৮-ক্রমে ১০.০৯.২০০৯ তারিখের আদেশনামা অনুসারে, আম আদমি বিমা যোজনার অধীনে অর্ন্তভুক্ত বর্তমান উপভোক্তাদের সমান সুবিধা পাবেন ।

২। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের নং ৭৮৩৯/পিএন/পি/দুই/৩এফ-৫/০৮-ক্রমে ২৩.১১.২০১০ তারিখে জারি করা আম আদমি বিমা যোজনা সম্পর্কিত বর্তমান নির্দেশাবলীর আংশিক পরিবর্তনের বিষয়টি অবশ্যই ব্যাপকভাবে প্রচার করতে হবে এবং তার যথোপযুক্ত রূপায়ণের স্বার্থে গ্রাম সংসদ স্তরেও প্রচার করতে হবে ।

৩। এই যোজনায় যোগদানেচ্ছু আবেদনকারীদের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের নং ৪০৬৬/পিএন/পি/দুই/৩এফ-৫/০৮-ক্রমে ১০.০৯.২০০৯ তারিখের আদেশনামা অনুসারে আম আদমি বিমা যোজনার জন্য বর্তমানে প্রযোজ্য সংযোজনী-৩ অনুযায়ী আবেদনের ফরম জমা দিতে হবে ।

৪। আবেদনকারীদের তাঁদের বয়স ও তাঁদের জমি-সংক্রান্ত বিবরণীর সপক্ষে প্রমাণপত্রসহ আবেদনের ফরম অবশ্যই সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত-এ জমা করতে হবে ।

৫। আবেদনকারীদের তাঁদের জমি-সংক্রান্ত বিবরণী পেশ করতে হবে সংযোজিত ঘোষণাপত্র অনুযায়ী । সংশ্লিষ্ট বি এল অ্যান্ড এল আর ও অথবা তাঁর দ্বারা ক্ষমতাপ্রাপ্ত আধিকারিক (আর আই) এই ঘোষণাপত্রের সত্যতা প্রতিপাদন করবেন ।

৬। এছাড়াও, আবেদনকারীকে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের নং ১১৯৪/পিএন/পি/দুই/৩এফ-৮/২০০৬-ক্রমে ১২.০৩.২০০৭ তারিখে জারি করা প্রফলাল সংক্রান্ত নির্দেশিকায় বিশেষভাবে নির্দিষ্ট বয়স সম্পর্কিত প্রমাণপত্রের যে-কোনও

একটি দাখিল করতে হবে । আবেদনকারীর কাছে তাঁর বয়সের কোনও প্রমাণপত্র না-থাকলে, তাঁকে গ্রাম পঞ্চায়েত/পঞ্চায়েত সমিতি/জেলা পরিষদ-এর কোনও সদস্যের কাছ থেকে বয়সের শংসাপত্র সংগ্রহ করতে হবে ।

৭। এই আবেদনপত্রগুলি পাওয়া-মাত্রই সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত সেগুলি পরীক্ষা করবে ও তাদের সত্যতা প্রতিপাদন করবে এবং তারপর এই উদ্দেশ্যে সংযোজনী-৪ অনুযায়ী আম আদমি বিমা যোজনার জন্য পৃথকভাবে খোলা নূতন রেজিস্টার-এ ক্রমানুসারে সেগুলি নথিভুক্ত করবে । এরপর গ্রাম পঞ্চায়েত তার সদস্যদের একটি সভা আহ্বান করবে এবং গ্রাম পঞ্চায়েতে গৃহীত সিদ্ধান্তের প্রতিলিপিসহ আম আদমি বিমা যোজনায় অর্ন্তভুক্তির জন্য উপভোক্তাদের তালিকা, সংশ্লিষ্ট আবেদনের ফরম ও সম্পর্কিত প্রমাণপত্রসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য পঞ্চায়েত সমিতিতে পাঠাবে ।

**খ) পঞ্চায়েত সমিতি স্তরে গ্রহণীয় পদক্ষেপসমূহ**

সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিক আবেদনের ফরম সহ উপভোক্তাদের এই তালিকা সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলির কাছ থেকে পাওয়ার পর নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করবে ঃ

১। আবেদনের ফরম ও সংশ্লিষ্ট প্রমাণপত্রগুলির সত্যতা প্রতিপাদন করবে ।

২। প্রফলাল-এর অধীনে যেমন করা হয়, সেই একই ভাবে এই সমস্ত উপভোক্তাদের একটি তথ্য-ভাণ্ডার (ডেটা-বেস) প্রস্তুত করতে হবে ।

৩। সংশ্লিষ্ট সমস্ত কাগজপত্রসহ ওই তথ্য-ভাণ্ডার (ডেটা-বেস) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক-এর কাছে তাঁর অনুমোদনের জন্য পাঠাবার ব্যবস্থা করতে হবে ।

**গ) জেলা স্তরে গ্রহণীয় পদক্ষেপসমূহ**

১। পঞ্চায়েত সমিতির কাছ থেকে প্রাপ্ত আবেদনের ফরমগুলির ও সংশ্লিষ্ট নথিপত্রগুলির সত্যতা প্রতিপাদন করা এবং উপযুক্ত উপভোক্তাদের আবেদনগুলি অনুমোদন করা ।

২। প্রফলাল-এর অধীনে যেমন করা হয়, সেই একই ভাবে এই সমস্ত উপভোক্তাদের একটি ব্লক-ভিত্তিক তথ্য-ভাণ্ডার (ডেটা-বেস) প্রস্তুত করা ।

৩। ওইগুলি কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন-এর কাছে পাঠাবার ব্যবস্থা করা ।

**ঘ) রাজ্য স্তরে গ্রহণীয় পদক্ষেপসমূহ**

১। জেলাগুলি থেকে আম আদমি বিমা যোজনার অধীনে অর্ন্তভুক্তির যোগ্য উপভোক্তাদের তথ্য-ভাণ্ডার (ডেটা-বেস) পাওয়ার পর কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ সেগুলি পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের তথ্যপ্রযুক্তি শাখায় (আই টি সেল) পাঠাবার ব্যবস্থা করবেন ।

২। এই তথ্য-ভাণ্ডার (ডেটা-বেস) জেলা থেকে বছরে দু-বার, মাসের ১৫ তারিখে, এপ্রিল ও অক্টোবর মাসে সংগ্রহ করা হবে ।

৩। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের তথ্যপ্রযুক্তি শাখা (আই টি সেল) এই তথ্য-ভাণ্ডার ভারতীয় জীবন বিমা নিগমকে হস্তান্তর করবে।

৪। আম আদমি বিমা যোজনার অধীনে অর্ন্তভুক্তির জন্য উপভোক্তাদের তালিকাসহ তাঁদের আবেদনের ফরমগুলি ভারতীয় জীবন বিমা নিগম-এর কাছে তাঁর সুপারিশ সহ পাঠিয়ে দেবেন কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন।

অনুমোদিত উপভোক্তাদের নাম-তালিকা এবং প্রত্যেক উপভোক্তার পলিসি শংসাপত্র (পলিসি সার্টিফিকেট) পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সরকারি ওয়েবসাইট-এ প্রকাশ করা হবে। গ্রাম পঞ্চায়েত প্রধান পলিসি শংসাপত্র (পলিসি সার্টিফিকেট)-গুলি ডাউনলোড করার ব্যবস্থা করবেন এবং সেগুলি সংশ্লিষ্ট বিমাভুক্ত উপভোক্তাদের মধ্যে বিলি করবেন।

**প্রফলাল-ভুক্ত উপভোক্তারা বর্তমানে চালু-থাকা নির্দেশিকা অনুসারেই আম আদমি বিমা যোজনার আওতাভুক্ত থাকবেন / হবেন।**

**এই প্রক্রিয়া অবিলম্বে কার্যকরী হবে।**

কমিশনার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন
পশ্চিমবঙ্গ

তারিখ ঃ ০২.১২.২০১০

নং ঃ ৪০৩২/তিন/ডিপি/৩এফ-১৪/০৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল ঃ

১। প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, জেশপ বিল্ডিং, কলকাতা - তাঁর সানুগ্রহ পর্যালোচনার জন্য।

২। শ্রীমতী ভারতী ঘোষ,যুগ্ম-সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, পশ্চিমবঙ্গ, জেশপ বিল্ডিং, কলকাতা।

৩। জেলাশাসক --------------------- (সকল)।

৪। শ্রীমতী নীলাঞ্জনা দাশগুপ্ত, স্টেট কো-অর্ডিনেটর (উইমেন ডেভেলপমেন্ট), পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, পশ্চিমবঙ্গ, জেশপ বিল্ডিং, কলকাতা।

৫। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, --------------- (সকল)।

৬। শ্রী অনুরাগ গাঙ্গল, সিনিয়র ডিভিশনাল ম্যানেজার, এল আই সি, কলকাতা।

৭। শ্রী দেবাশিস সরকার, ব্রাঞ্চ ম্যানেজার (পি অ্যাণ্ড জি এস ইউনিট), এল আই সি, কলকাতা।

কমিশনার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন
পশ্চিমবঙ্গ

# আম আদমি বিমা প্রকল্পে যোগদানের জন্য প্রয়োজনীয় নথিভূক্ত জমির ঘোষনাপত্র

প্রতি
জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক
-----------------------------------------

মাননীয় মহাশয়,

আমি শ্রী/শ্রীমতি ------------------------------------------------------------ এই মর্মে স্বীকার করছি যে, আমার নামে ০.৫০ একরের (৫০ শতকের) বেশী বাস্তুসহ অন্য কোন জমি নথিভূক্ত নেই। এছাড়াও, কোনও কৃষিজমি বা অন্য কোনও প্রকার জমিতে উত্তরাধিকারের সূত্রে অথবা এরকম জমির উত্তরাধিকারী হলেও আমার মোট ০.৫০ একরের (৫০ শতকের) বেশী পরিমান জমি হবে না।

তাং:------------------

আপনার বিশ্বস্ত,

স্বাঃ---------------------------------------
ঠিকানা----------------------------------
---------------------------------------
---------------------------------------

---

শ্রী/শ্রীমতি ........................................................................................................ এর নামে বাস্তু ও অন্যান্য জমি সহ ০.৫০ একর বা ৫০ শতকের বেশী জমি নথিভূক্ত নেই।

তাং:------------------

স্বাঃ---------------------------------------
ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক/
অনুমোদিত আধিকারিক